# সরকারি আবাসন পরিদপ্তরের সেবাপ্রদান (স্বয়ংক্রিয় বাসা বরাদ্দ) চিত্র

সরকারি আবাসন পরিদপ্তর
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## সূচীপত্র


১. সরকারি আবাসন পরিদপ্তরের সংক্ষিপ্ত ইতিহাস ৩

২. কার্যাবলি ৩

বরাদ্দ সংক্রান্ত কার্যাবলিঃ ৩

ভাড়া সংক্রান্ত কার্যাবলিঃ ৩

৩. সরকারি আবাসন পরিদপ্তর-এর সেবা প্রদান প্রক্রিয়ার ডিজিটালাইজেশন ৪

৪. আবেদন প্রক্রিয়াঃ ৪

প্রোফাইল ৫

সহায়তা ৬

বর্তমান সফটওয়্যারের সুবিধাদি ৬

৫. ভবিষ্যৎ পরিকল্পনা ৬

ভবিষ্যৎ পরিকল্পনা (স্বল্প/মধ্য মেয়াদী) ৬

ভবিষ্যৎ পরিকল্পনা (দীর্ঘ মেয়াদী) ৬

ভবিষ্যৎ কার্যপরিকল্পনা চিত্র Error! Bookmark not defined.

৬. ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০২১-২০২৫) ৮

## ১. সরকারি আবাসন পরিদপ্তরের সংক্ষিপ্ত ইতিহাস

স্বাধীনতাপূর্ব বাংলাদেশে সরকারি বাসা/বাড়ি বরাদ্দ ও ভাড়া আদায় সংক্রান্ত ৪ টি প্রতিষ্ঠান ছিলঃ (১) কেন্দ্রীয় এস্টেট অফিস, ঢাকা (২) প্রাদেশিক এস্টেট অফিস, ঢাকা (৩) আঞ্চলিক এস্টেট অফিস, চট্রগ্রাম ও (৪) বিশ্রামাগার প্রতিষ্ঠান। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর এ ০৪ টি অফিস একীভূত করে সরকারি বাসস্থান পরিদপ্তর এবং পরবর্তীতে ০৯-১১-১৯৮৩ সালে সরকারি আবাসন পরিদপ্তর হিসেবে নামকরণ করা হয়। চট্রগ্রামে এর একটি আঞ্চলিক কার্যালয় রয়েছে।

| | |
|---|---|
| ওয়েবসাইটঃ | www.doga.gov.bd |
| বিশেষায়িত ওয়েবসাইটঃ | www.bashaonline.com |
| ফোনঃ | +88029545037 |
| ইমেইলঃ | director@doga.gov.bd |

## ২. কার্যাবলি

### বরাদ্দ সংক্রান্ত কার্যাবলিঃ

- ঢাকা ও চট্রগ্রাম শহরে কর্মরত সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের জন্য সরকারি বাসা/বাড়ি বরাদ্দ প্রদান।
- বিধিমালা ভঙ্গ কিংবা অন্য কোনো বিধিবদ্ধ কারণে বরাদ্দ বাতিলকরণ।
- সরকারি অফিস স্থান বরাদ্দ।
- সরকারি অফিসের জন্য বে-সরকারি বাড়ি ভাড়ার ছাড়পত্র প্রদান।
- সরকারি আবাসন পরিদপ্তরের আওতাধীন ঢাকা শহরের বিভিন্ন এলাকায় অবস্থিত দোকানসমূহের বরাদ্দ প্রদান।
- সরকারি কর্মকর্তাগণের জন্য গ্যারেজ বরাদ্দ প্রদান।
- অবৈধ দখলদার উচ্ছেদ সংক্রান্ত কাজ।

### ভাড়া সংক্রান্ত কার্যাবলিঃ

- সরকারি বাসা/বাড়ির ভাড়া/ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন নিশ্চিতকরণ।
- বাসা/বাড়ির ইউটিলিটি বিল (বিদ্যুত,গ্যাস,পানি,পৌরকর প্রভৃতি) পরিশোধ নিশ্চিতকরণ।
- সাময়িক/চূড়ান্ত না-দাবী সনদপত্র প্রদানকরণ।

## ৩. সরকারি আবাসন পরিদপ্তর-এর সেবা প্রদান প্রক্রিয়ার ডিজিটালাইজেশন

সীমিত সম্পদ এবং জনবল কাঠামো নিয়ে সর্বাত্নক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন সরকারি আবাসন পরিদপ্তর। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব শরীফ আহমেদ এম.পি. এবং সচিব জনাব মোঃ শহীদ উল্লা খন্দকার মহোদয়ের সানুগ্রহ নির্দেশনা ও অনুমতিতে সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের আবাসন বরাদ্দের ব্যবস্থাপনায় সরকারি আবাসন পরিদপ্তর এনেছে আমূল পরিবর্তন। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুযায়ী আগামী ২০৪১ সালের মধ্যে সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের আবাসন সুবিধা ৪০%-এ উন্নীত করার লক্ষ্যে আগামী ২০৩০ সালের মধ্যে সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের আবাসন সুবিধা ৮% হতে ২২%-এ উন্নীতকরণের কার্যক্রম চলমান রয়েছে।

ইতিমধ্যে সরকারি আবাসন পরিদপ্তরে আগত সকল আবেদন "একসেবা" ব্যবহার করে অনলাইনে গ্রহণ করা হচ্ছে এবং পরিদপ্তরের নথি সংক্রান্ত সকল কার্যক্রম ই-নথি পদ্ধতি ব্যবহার করে সম্পণ্ন করা হচ্ছে। এ দপ্তরের আওতাধীন সকল বাসার তথ্য নিয়ে একটি ডাইনামিক ডাটাবেজ এবং বাসা বরাদ্দের জন্য চালু করা হয়েছে ওয়েববেজড সফটওয়্যার www.bashaonline.com। যা ব্যবহার করে স্বয়ংক্রিয়ভাবে বাসা বরাদ্দ প্রদান করা হচ্ছে। আবেদনকারী www.bashaonline.com ঠিকানায় ব্রাউজ করে তার উপযোগী বাসা/বাড়ির বিপরীতে আবেদন করলে ব্যক্তিগত তথ্য এবং চাকুরী সংক্রান্ত তথ্যাদি সংবলিত একটি স্থায়ী ডাইনামিক প্রোফাইল তৈরি হয়ে যাবে যা ব্যবহার করে পরবর্তীতে সহজেই বাসা বরাদ্দের আবেদন করা যাবে। বরাদ্দ প্রক্রিয়ায় বিদ্যমান Bangladesh Allocation Rules, ১৯৮২-এর বিধি Rule – ৭ অনুসরণ করে ডিজিটাল পদ্ধতিতে বাসা বরাদ্দ প্রদান করা হয়। উল্লেখ্য, বরাদ্দ প্রদানে ফলগণনা সম্পূর্ন স্বয়ংক্রিয়ভাবে সম্পণ্ন হয়। আধুনিক এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্য সফল করার ব্রত নিয়ে এগিয়ে যাচ্ছে সরকারি আবাসন পরিদপ্তর।

## ৪. আবেদন প্রক্রিয়াঃ

সরকারি বাসা বরাদ্দপ্রাপ্তির জন্য নিম্নোক্ত উপায়ে আবেদন করা যাবেঃ

যে কোনো Browser (Mozilla Firefox, Google Chrome, Edge, Opera, Safari ইত্যাদি) ব্যবহার করে www.doga.gov.bd ঠিকানায় প্রবেশ করে মেন্যু বার-এর "স্বয়ংক্রিয় বাসা বরাদ্দ" থেকে "বরাদ্দের আবেদন করুন" সাব-মেন্যু হতে বাসার ক্যাটাগরি অনুসারে বরাদ্দের নোটিশে ক্লিক করে বাসা বরাদ্দের আবেদন অংশে প্রবেশ করা যাবে। অথবা স্বয়ংক্রিয় বাসা বরাদ্দ সংক্রান্ত বিশেষায়িত সফটওয়্যারের ওয়েব ঠিকানা (www.bashaonline.com ) ব্যবহার করেও বাসা বরাদ্দের আবেদন অংশে প্রবেশ করা যাবে।

আবেদনের শর্তাবলিঃ

ক) ঢাকা সিটি কর্পোরেশন এলাকায় কর্মরত

খ) Ineligible Office-এর তালিকাভুক্ত নন (বিধি ৩ অনুসারে অফিসসমূহের তালিকা)

গ) নির্ধারিত শ্রেণির বাসার প্রাধিকারভুক্ত কর্মচারী (Bangladesh Allocation Rules, 1982-এর Rule 4)

ঘ) অস্থায়ী বাসার প্রাধিকারভুক্ত কর্মচারী (অস্থায়ী বাসার বরাদ্দ প্রাপ্তির ক্ষেত্রে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ১৯/১২/২০১৮ তারিখে জারীকৃত ২৫.০০.০০০০.০১৪.২২.০০৩.০৪.৫৫৩ স্মারকে জারীকৃত পত্র)


ঙ) কোনো আবেদনের ৩০ দিনের মধ্যে একসাথে ০৩টির বেশি আবেদন করা যাবে না

চ) তারকাচিহ্নিত (লাল রংয়ের) ঘরগুলো আবশ্যিকভাবে পূরণ করতে হবে

ছ) সংযুক্তিসমূহঃ
১) ছবি; ২) এনআইডি; ৩) পদোন্নতি আদেশ/পিডিএস/পেফিক্সেশন ৪) সর্বশেষ বেতন বিবরণী; ৫) প্রাধিকারভুক্ত গ্রেডপ্রাপ্তির প্রমাণক (অফিস আদেশ/হিসাবরক্ষণ অফিসের প্রত্যয়ন); ৬) বদলী আদেশের স্ক্যান কপি (প্রযোজ্য ক্ষেত্রে); ৭) স্বাক্ষর

সংযুক্তিসমূহ আপলোডের ক্ষেত্রে –

| | |
|---|---|
| সংযুক্তির সাইজ : | ৫ মেগাবাইটের কম |
| রেজ্যুলেশন : | ২০০০*২০০০ |
| ফরমেট : | jpg/jpeg/pdf |



স্বয়ংক্রিয় বাসা বরাদ্দ সংক্রান্ত সফটওয়্যার www.bashaonline.com

**প্রোফাইলঃ**

সফলভাবে আবেদন প্রক্রিয়া সম্পন্ন হলে আবেদনকারীর একটি স্থায়ী প্রোফাইল তৈরি হবে এবং ভেরিফিকেশন ইমেইল ও নিশ্চিতকরণ এস,এম,এস, প্রেরিত হবে। ভেরিফিকেশন ইমেইলে প্রেরিত লিংক থেকে ইউজার আইডি এবং পাসওয়ার্ড তৈরি করা যাবে। ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে খুব সহজে এবং দ্রুততার সাথে আবেদন করা যাবে। প্রয়োজনে প্রোফাইলে প্রদত্ত তথ্যাদি সংশোধন করা যাবে। প্রোফাইল ব্যবহার করে বেশ কিছু সুবিধা পাওয়া যাবে। যেমন – আবেদন বাতিল করা, পুনঃদাখিল করা, চাহিত বাসা/বাসাসমূহের পছন্দক্রম নির্ধারণ/পরিবর্তন ইত্যাদি। উল্লেখ্য, একই মোবাইল নম্বর এবং এন,আই,ডি, ব্যবহার করে একাধিক আবেদন করা যাবে না এবং একমাসে ০৩ (তিন) টির বেশি আবেদন গৃহীত হবে না।

**সহায়তাঃ**

সহায়তার প্রয়োজন হলে যে কোনো Browser (Mozilla Firefox, Google Chrome, Edge, Opera, Safari ইত্যাদি) ব্যবহার করে www.doga.gov.bd ঠিকানায় প্রবেশ করে মেন্যু বার-এর "স্বয়ংক্রিয় বাসা বরাদ্দ" থেকে "সহায়তা নিন" সাব-মেন্যুতে প্রদত্ত নম্বরে যোগাযোগ করে এ সংক্রান্ত সহায়তা গ্রহণ করা যাবে।

## বর্তমান সফটওয়্যারের সুবিধাদিঃ

১. চার ধরণের ইউজার লেভেল – সাবস্ক্রিপশন, পাবলিক, ম্যানেজার, এডমিন
২. দুইটি ডাটাবেজ – বাসা সংক্রান্ত ডাটাবেজ এবং বরাদ্দপ্রাপক/ভবিষ্যৎ বরাদ্দপ্রাপক সংক্রান্ত ডাটাবেজ
৩. ডাটা আর্কাইভ ব্যবস্থা
৪. বাসার নম্বর/বরাদ্দপ্রাপকের নাম/বাসার এলাকা/বাসার শ্রেণি-এর ভিত্তিতে সার্চিং ব্যবস্থা
৫. খালী বাসার তথ্য স্বয়ংক্রিয় প্রদর্শন
৬. অনলাইন আবেদন এবং স্থায়ী প্রোফাইল তৈরি
৭. প্রোফাইল হালনাগাদ সুবিধা
৮. আবেদন ফিল্টারিং/ব্লকিং (একই এনআইডি ব্যবহার করে একই বাসার বিপরীতে আবেদন করতে না পারা)
৯. আবেদনের বিষয়ে এবং প্রোফাইলের বিষয়ে এসএমএস এবং ইমেইল কনফার্মেশন/ভেরিফিকেশন
১০. নির্ধারিত সময়ের মধ্যে ত্রুটিপূর্ণ আবেদন সংশোধন সুবিধা
১১. আবেদন যাচাই এবং আবেদন অনুমোদন/বাতিল ব্যবস্থা
১২. বাসা বরাদ্দের ক্ষেত্রে স্বয়ংক্রিয় জ্যেষ্ঠতাক্রম নির্ধারণ (Bangladesh Allocation Rules, 1982-এর Rule 7 অনুসারে)
১৩. জ্যেষ্ঠতাক্রম স্বয়ংক্রিয়ভাবে ওয়েবসাইটে প্রকাশ

## ৫. ভবিষ্যৎ পরিকল্পনা


**ভবিষ্যৎ পরিকল্পনা (স্বল্প/মধ্য মেয়াদী)**

১. সার্ভার সক্ষমতা বাড়ানো
২. ইউজার লেভেল ফিল্টারিং বৃদ্ধিকরণ
৩. সার্চিং সুবিধা অধিক ইউজার ফ্রেন্ডলিকরণ
৪. ডাটাবেজ নিয়মিত হালনাগাদকরণ
৫. ডাটাবেজে অফিস স্থান বরাদ্দ/ছাড়পত্র প্রদান সংক্রান্ত তথ্য অন্তর্ভুক্তকরণ
৬. আর্কাইভ সক্ষমতা কার্যকরীকরণ
৭. ডাটা নিরাপত্তা ব্যবস্থা শক্তিশালীকরণ

**ভবিষ্যৎ পরিকল্পনা (দীর্ঘ মেয়াদী)**

১. বাসা/বাড়ীর লোকেশন ম্যাপিং
২. ডাটাবেজে বাসা/বাড়ির ছবি সংরক্ষণ
৩. বেতন-ভাত/কর্তন সম্পর্কিত তথ্যাদির জন্য এনআইডি-এর মাধ্যমে আইবাস++ সফটওয়্যারের ব্রিজিং
৪. আইবাস++ সফটওয়্যার হতে প্রাপ্ত তথ্যাদির স্বয়ংক্রিয় অন্তর্ভুক্তি এবং স্বয়ংক্রিয় প্রোফাইল হালনাগাদ
৫. আর্কাইভ সক্ষমতা বৃদ্ধি
৬. ইনপুটের ক্ষেত্রে একসেবা ও আউটপুটের ক্ষেত্রে ই-নথির সাথে ব্রিজিং

৭. স্বয়ংক্রিয় না-দাবি প্রদান
৮. ওয়েববেজড সিস্টেম হওয়ায় এবং স্পর্শকাতর বিভিন্ন ওয়েবসাইটের সাথে ব্রিজিং থাকায় নিরাপত্তা ব্যবস্থা আধুনিকায়ন
৯. ব্রিজিং : একসেবা, আইবাস++ এবং ই-নথি



## ৬. ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০২১-২০২৫)

| Name of the Office | 8th Five-Year Plan |
|---|---|
| Directorate of Government Accommodation | 1. Implementation of automatic allocation system for flats and houses of all categories. |
| | 2. Allocation of flats/houses for 40 percent of government employees working in Dhaka. |
| | 3. Integration of the automatic system of the Directorate and Ibaas++ so that issuance of No Demand Certificate becomes more convenient and hassle-free. |
| | 4. Upgrading the present database to be more dynamic and adaptive by using AI. |
| | 5. Paperless office management. |
| | 6. Setting-up Divisional Offices and gradually transform the Directorate into a Department. |
| | 7. Correction/Reform of the **Bangladesh Allocation Rules, 1982**. |
| | 8. Correction/Reform of the **Recruitment Rules of Directorate of Government Accommodation (Gazetted and Non-Gazetted Employees), 2013** |